



নারীর যৌনাঙ্গ কর্তন

(Female Genital Mutilation/Cutting)

নারীর যৌনাঙ্গ কর্তন কী?

চিকিৎসাগত কারণ ছাড়াই ইচ্ছাকৃতভাবে নারীর যৌনাঙ্গের এলাকা কাটা বা পরিবর্তন করা হলো নারীর যৌনাঙ্গ কর্তন। কর্তন, নারীর খংনা এবং নারীর আনুষ্ঠানিক অস্ত্রোপচারসহ এর অনেক নাম রয়েছে। এটি নারীদের স্বাস্থ্যের জন্য ক্ষতিকর এবং অপ্রয়োজনীয়।

আপনি বা আপনার পরিচিত কেউ বিপদাপন্ন হলে **০০০** নম্বরে পুলিশকে কল করুন।

অস্ট্রেলিয়ার পুলিশ নিরাপদ এবং বিশ্বাসযোগ্য।

বিনামূল্যে গোপনীয় পরামর্শ ও তথ্যের জন্য **1800 737 732** নম্বরে 1800RESPECT-এ ফোন করুন।

আপনার বিনামূল্যে দোভাষী প্রয়োজন হলে **131 450** নম্বরে ফোন করুন।

অস্ট্রেলিয়াতে চিকিৎসা এবং সহায়তার ব্যবস্থা রয়েছে।

এসবের কোনো একটি প্রক্রিয়া দ্বারা ক্ষতিগ্রস্ত হলে আপনি অস্ট্রেলিয়াতে বিনামূল্যে স্বাস্থ্যসেবা এবং সহায়তা পেতে পারেন। ডাক্তার, নার্স, অন্যান্য চিকিৎসা পেশাজীবী এবং শিক্ষকগণ আপনাকে সহায়তা করতে পারেন।

সন্তান ধারণ করার পরিকল্পনা করলে গর্ভবতী অবস্থায় এবং সন্তান জন্ম নেয়ার সময় অতিরিক্ত সহায়তার জন্য আপনি কোনো ডাক্তার, নার্স অথবা অন্যান্য চিকিৎসা পেশাজীবীর সাথে কথা বলতে চাইতে পারেন।

নারীর যৌনাঙ্গ কর্তন অস্ট্রেলিয়াতে একটি গুরুতর অপরাধ।

নারীর যৌনাঙ্গ কর্তন অস্ট্রেলিয়াতে একটি অবৈধ কাজ। এর মধ্যে কোনো প্রক্রিয়া সম্পন্ন করার জন্য কোনো ব্যক্তিকে বিদেশে প্রেরণ, অথবা এটা করার জন্য কাউকে সুবিধা, সহায়তা বা উৎসাহ প্রদান করা অন্তর্ভুক্ত রয়েছে।

পুরুষ বা নারী নির্বিশেষে কোনো ব্যক্তি এসব অপরাধ করলে সে কারাগারে যেতে পারে।

আপনি এসব প্রক্রিয়ার কোনোটি দ্বারা ক্ষতিগ্রস্ত হলে, আপনাকে সহায়তা চাইতে উৎসাহিত করা হয় এবং অস্ট্রেলীয় আইন অনুসারে আপনাকে শাস্তি দেয়া হবে না।

সহায়তা করার মত অন্যান্য সেবা ও রিসোর্স রয়েছে।

নারীর যৌনাঙ্গ কর্তন সম্পর্কিত সচেতনতার জন্য জাতীয় শিক্ষা টুলকিট (National Education Toolkit for Female Genital Mutilation/Cutting Awareness) এর ওয়েবসাইট www.netfa.com.au-এ আপনি নারীর যৌনাঙ্গ কর্তন সম্পর্কিত তথ্য পেতে পারেন।

1800RESPECT হলো অস্ট্রেলিয়ার জাতীয় যৌন নির্যাতন, পারিবারিক এবং গৃহস্থালি সহিংসতা সংক্রান্ত পরামর্শ সেবা (Australia's national sexual assault, family and domestic violence counselling service)। বিনামূল্যের এই সেবা টেলিফোনে এবং অনলাইনে গোপনীয় পরামর্শ এবং তথ্য প্রদান করে থাকে। পরামর্শদাতারা আপনার কথা শুনবেন, আপনার প্রশ্নের জবাব দিবেন এবং আপনার স্থানীয় এলাকায় অন্যান্য সহায়তা পরিষেবাগুলো সম্পর্কে আপনাকে পরামর্শ দিতে পারেন।

1800 737 732 নম্বরে ফোন করুন বা **1800RESPECT** এর ওয়েবসাইট **www.1800RESPECT.org.au**-এ যান।

আপনাকে বা আপনার পরিচিত কাউকে এই প্রক্রিয়ার জন্য বিদেশে নিয়ে যাওয়া হলে অথবা কাউকে এই প্রক্রিয়ার জন্য দেশের বাইরে নিয়ে যাওয়ার ঝুঁকি রয়েছে বলে আপনি মনে করলে 24/7 বা যেকোন সময় **1300 555 135** নম্বরে (অস্ট্রেলিয়া থেকে) বা **+61 2 6261 3304** নম্বরে (বিদেশ থেকে) কনসুলার জরুরি কেন্দ্রে (Consular Emergency Centre) কল করুন অথবা **dfat.gov.au** ওয়েবসাইটে গিয়ে নিকটতম অস্ট্রেলীয় বিদেশি মিশনে যোগাযোগ করুন।

আপনার কি দোভাষী প্রয়োজন?

131 450 নম্বরে **অনুবাদ এবং দোভাষী সেবায়** (টিআইএস) (**Translating and Interpreting Service, TIS**) ফোন করুন। TIS-এর একজন দোভাষী আপনাকে অন্যান্য সেবার সাথে যোগাযোগ করতে সাহায্য করতে পারে, তবে TIS কোনো পরামর্শ প্রদান করে না। সমস্ত ফোন কল বিনামূল্যে করা যায় এবং সেগুলো গোপনীয় রাখা হয়।